ব্রহ্মাণী

নিরপেক্ষ ধর্ম্ম সঞ্চারিণী সভা হইতে প্রকাশিত।

শ্রীমহেশ চন্দ্র পাল।

রুদ্রাণী।

নিরপেক্ষ ধর্ম্ম সঞ্চারিণী সভা হইতে প্রকাশিত

শ্রীমহেশচন্দ্র পাল।

ওঁ

নমঃ সচ্চিদানন্দবিগ্রহায়।

সচিত্র-

বেদমাতা-গায়ত্রী ।

মূল, টীকা ও বঙ্গানুবাদসমেতা।

নিরপেক্ষ-ধর্ম্মসঞ্চারিণী সভা হইতে
শ্রীল শ্রীযুক্ত পূজ্যপাদ ভগবান্ সান্দ্রানন্দাচার্য্যমহাপ্রভুর প্রসাদে চতুর্ব্বেদান্তর্গত
"অষ্টোত্তরশতোপনিষৎ" "পঞ্চদশী" "বেদান্তসার"
ও ষড়্দর্শনাদি বিবিধশাস্ত্র প্রকাশক
শ্রীমহেশচন্দ্র পাল-কর্ত্তৃক
সঙ্কলিত ও প্রকাশিত।
(সভার কার্য্যালয়; ১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট্; কলিকাতা।)

কলিকাতা;
বাগবাজার; রাজা রাজবল্লভ ষ্ট্রীট্ ৮৪ নং, নব-স্বারস্বত-যন্ত্রে
শ্রীউদয়চন্দ্র ঘোষ দ্বারা মুদ্রিত।

শকাব্দ ১৮১২, আষাঢ়।

ভূমিকা।

কোন বিষয় জানিবার পূর্ব্বে লোকে তাহার প্রয়োজনাদি অবশ্য জানিতে ইচ্ছা করেন। এই জন্য সংক্ষেপে গ্রন্থের পরিচয় দিতে প্রবৃত্ত হইলাম।

হিন্দুর যাবতীয়শাস্ত্র এক মাত্র বেদ হইতেই প্রাদুর্ভূত হইয়াছে। অনন্তজলধি যেমন সমুদায় জলাশয়ের আধার বা উদ্ভবক্ষেত্র; বেদও তদ্রূপ হিন্দুয়ানীর মূল স্থান। গায়ত্রী আবার সেই বেদের প্রসূতি, অর্থাৎ আদিতে এক মাত্র গায়ত্রীরই আবির্ভাব হয়। বেদ সমুদয় তাহারই বিস্তার মাত্র। যেমন একমাত্র প্রদীপে শত শত প্রদীপের উদ্ভাবন করে, তদ্রূপ একমাত্র গায়ত্রীই যাবতীয় বেদের জননী। এই জন্য শাস্ত্রবিৎ-পণ্ডিতগণের অভিমতি এই, একমাত্র গায়ত্রী অধীত হইলেই, প্রতিদিন সমুদয় বেদ পঠিত হয়; একমাত্র গায়ত্রী পুরশ্চরণ হইলেই, সমুদয় পুরশ্চণের ফল লাভ হয় এবং একমাত্র গায়ত্রীর উপাসনাতেই সমুদায় দেবদেবীর উপাসনা সিদ্ধ হইয়া থাকে।

পূর্ব্বকালে ঋষিগণ গায়ত্রী পুরশ্চরণ করিয়া শত শত ব্যক্তিকে মহারোগ হইতে বিনির্ম্মুক্ত করিয়াছেন। যাহা হউক, গায়ত্রীর এই প্রভাব ও প্রাদুর্ভাব বা প্রভুত্ব অদ্যাপিও অপনীত হয় নাই এবং কোন কালেও হইবে না। সুতরাং ঈদৃশ গায়ত্রীর যতই প্রচার হয়, ততই দেশের মঙ্গল ও আনন্দের বিষয়। বিশেষতঃ পাশ্চাত্য সভ্যতার সভ্য, পাশ্চাত্য শিক্ষাপ্রণালীতে শিক্ষিত ও অর্থকরী বিদ্যাধ্যয়নে পণ্ডিতাভিমানী সন্তান, যাঁহারা ব্রাহ্মণ বলিয়া পরিচয় দেন, অথচ বেদমাতা গায়ত্রীর মাহাত্ম্য ও সন্ধ্যাবন্দনাদি কিছুই জানেন না এবং জানিতেও ইচ্ছা করেন না, ঈদৃশ মহাত্মা দিগের জন্যই আমরা ইহার প্রচারে প্রবৃত্ত হইলাম। আমাদের পূর্ব্বে অনেক মহাত্মা ইহার প্রচারে হস্তক্ষেপ করিয়াছেন; সুতরাং আমাদের প্রকাশিত এই গ্রন্থ উৎকৃষ্ট, কি নিকৃষ্ট, তাহা পরীক্ষা করিবার বিলক্ষণ উপায় হইয়াছে। তজ্জন্য আমরা নিজে অধিক বলিতে ইচ্ছা করি না, তবে এই মাত্র বক্তব্য, তাহাদের মধ্যে অনেকেই বৃথা বাসনাই ফলাইয়া, যে সকল অংশ সাধারণের অপাঠ্য বলিয়া গোপন রাখিয়াছেন, আমরা তাহা সাধ্যানুসারে প্রকাশ করিয়া দিয়াছি। ইহাতে অবশ্য আমাদের প্রকাশিত গ্রন্থের উৎকর্ষ আছে। বিশেষতঃ, আমরা সকলের শেষে প্রকাশ করিয়াছি। ইহাতেও আমাদের বৈশিষ্ট্য অবশ্য আছে। সাধারণে দেখিলেই বুঝিতে পারিবেন। গ্রন্থ বিস্তারিত হইবার আশঙ্কায় ন্থ্যাদির নিগূঢ় অর্থ এই গ্রন্থে লিখিত হইল না। কারণ আমাদিগের প্রকাশিত উপনিষৎ মধ্যে যথেষ্টই আছে এবং উহা পাঠ করিলেই সমস্ত জানিতে পারিবেন। কিমধিকমিতি ॥

সভার কার্য্যালয়।
যোড়াসাঁকো; ১৪১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট্;
কলিকাতা।

নিরপেক্ষ-ধর্ম্মসঞ্চারিণী সভা।

সূচীপত্রম্ ।

॥ ওঁ তৎসৎ ওঁ ॥

গায়ত্রী।

ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গোদেবস্য
ধীমহি ধিয়োয়োনঃ প্রচোদয়াৎ ওম্॥

গায়ত্রী ত্রিপদা দেবী। সা তু ত্রিপদষ্টাক্ষরচ্ছন্দোযুক্তমন্ত্রাত্মিকা বেদমাতা দ্বিজৈরুপাস্যা। তস্যা নাম ব্যুৎপত্তির্যথা। গায়ন্তং ত্রায়তে যস্মাৎ গায়ত্রী ত্বং ততঃ স্মৃতা। ইতি স্মৃতিঃ॥

তস্যা জপফলং তত্র ব্রাহ্মণান্ প্রতি গায়ত্রীবাক্যং। বিশেষাৎ পুষ্করে স্নাত্বা মাং জপ্ত্বা বেদমাতরং। প্রতিগ্রহকৃতান্ দোষান্নপ্রাপ্স্যথ দ্বিজোত্তমাঃ॥ মদীয়ৈঃ কিল জাপ্যস্তু তারণায় ত্রিভিঃ কৃতৈঃ। ব্রহ্মহত্যা সমং পাপং তৎক্ষণাদেব নশ্যতি॥ দশভির্জন্মজনিতং শতেন তু পুরা কৃতং। ত্রিযুগন্তু সহস্রেণ নাত্র কার্য্যা বিচারণা॥ অষ্টাক্ষরা স্থিতা চাহং জগদ্ব্যাপ্তং ময়া ত্বিদং। মাতাহং সর্ব্ববেদানাং পদৈঃ সর্ব্বৈরলঙ্কৃতা॥ জপ্ত্বা মাং পরমাং সিদ্ধিং যাস্যন্তি দ্বিজসত্তমাঃ। প্রাধান্যং মম জাপ্যেন সর্ব্বেষাং বো ভবিষ্যতি॥

তস্যা মাহাত্ম্যাদি। উপলভ্য চ সাবিত্রীং নোপতিষ্ঠেত যো দ্বিজঃ। কালে ত্রিকালং সপ্তাহাৎ সপতেন্নাত্র সংশয়ঃ॥ গায়ত্রীমন্ত্রতোয়াঢ্যং দত্তং যেনাঞ্জলিত্রয়ং। কালে সাবিত্রিকেণ স্যাত্তেন দত্তং জগত্রয়ং॥ অষ্টাদশসু বিদ্যাসু মীমাংসাতিগরীয়সী। ততোঽপি তর্কশাস্ত্রাণি পুরাণং তেভ্য এবচ॥ ততো ঽপি ধর্ম্ম-শাস্ত্রাণি তেভ্যো গুর্ব্বী শ্রুতির্নৃপ। ততো হ্যুপনিষৎ শ্রেষ্ঠা গায়ত্রী চ ততোঽধিকা॥ বাচ্যবাচকসম্বন্ধো।

গায়ত্রী দেবী ত্রিপদা এবং অষ্টাক্ষরছন্দোযুক্ত মন্ত্রময়ী বেদমাতা। ব্রাহ্মণগণ এই গায়ত্রীর উপাসনা করিয়া থাকেন। গায়ত্রী এই শব্দার্থে জানা যায় যে, যিনি এই মন্ত্র উচ্চারণ করেন, তাঁহাকেই উক্ত মন্ত্র পরিত্রাণ করিয়া থাকেন, অর্থাৎ গায়ন কর্ত্তাকে পরিত্রাণ করেন বলিয়াই গায়ত্রী নাম হইয়াছে।

এইক্ষণ গায়ত্রীর জপফল কথিত হইতেছে।—বেদমাতা গায়ত্রী দেবী ব্রাহ্মণগণকে বলিয়াছেন যে, দ্বিজগণ! তোমরা পুষ্করতীর্থে স্নান করিয়া বেদমাতৃস্বরূপা আমাকে জপ করিলে প্রতিগ্রহজন্য দোষভাগী হইবে না, অর্থাৎ ব্রাহ্মণগণ গায়ত্রী জপ করিয়া যদি অসৎপ্রতিগ্রহ করে, তথাপি পাপভাগী হইবে না। আর মদীয় মন্ত্র তিনবার মাত্র জপ করিলে সেই ব্যক্তি পরিত্রাণ পায় এবং ব্রহ্মহত্যা সদৃশ পাপ তৎক্ষণাৎ বিনাশ পাইয়া থাকে। গায়ত্রী মন্ত্র দশবার জপ করিলে ইহজন্ম কৃত সমস্ত পাপ বিনষ্ট হয়, শতবার জপে পূর্ব্ব জন্মার্জ্জিত পাপ বিনাশ প্রায় এবং সহস্রবার গায়ত্রীজপে যুগত্রয়কৃত পাপ ক্ষয় পাইয়া যায়, ইহার অন্যথা হয় না। গায়ত্রীদেবী আর বলিয়াছেন, আমি অষ্টাক্ষরছন্দো-যুক্ত হইয়া অবস্থিতা আছি এবং আমিই এই জগতে সর্ব্বত্র পরিব্যাপ্ত রহিয়াছি, আমি সর্ব্ববেদের মাতা এবং সর্ব্ব পদে অলঙ্কৃতা। দ্বিজগণ আমাকে জপ করিলে পরমা সিদ্ধি লাভ করিতে পারে এবং আমার মন্ত্র জপ করিলে তাহাদের সর্ব্ব প্রাধান্য হইবে।

অনন্তর গায়ত্রীর মাহাত্ম্যাদি কথিত হইতেছে।—দ্বিজগণ গায়ত্রী মন্ত্রে দীক্ষিত হইয়া যদ্যপি যথাকালে ত্রিসন্ধ্যা উপাসনা না করে, তাহা-হইলে সপ্তাহের পর সেই দ্বিজ পতিত হয়, তাহাতে অণুমাত্র সংশয় নাই। আর যদি দ্বিজগণ গায়ত্রী মন্ত্রপূত করিয়া যথাকালে অঞ্জলিত্রয় জল প্রদান করে, তাহাহইলে তাহাদিগের জগত্রয় প্রদানের ফললাভ হইয়া থাকে। অষ্টাদশ বিদ্যার মধ্যে মীমাংসা অতি গুরুতরা, মীমাংসা হইতে তর্ক শাস্ত্র প্রধান, তর্ক শাস্ত্র হইতে পুরাণের প্রাধান্য আছে, পুরাণ হইতে ধর্ম্ম শাস্ত্র শ্রেষ্ঠ, ধর্ম্ম শাস্ত্র হইতে শ্রুতি এবং শ্রুতি হইতে উপনিষৎ গুরুতরা, কিন্তু উপনিষৎ হইতেও গায়ত্রীর অধিক মাহাত্ম্য জানিবে, সুতরাং গায়ত্রী যে সর্ব্ব প্রধান তাহা জানা গেল। গায়ত্রী ও সবিতা

গায়ত্র্যাঃ সবিতুর্দ্বয়োঃ। বাচ্যোঽসৌ সবিতা সাক্ষাৎ গায়ত্রী বাচিকা পরা। তাং দেবীমুপতিষ্ঠন্তে ব্রাহ্মণা যে জিতেন্দ্রিয়াঃ। সূর্য্যলোকং তে প্রয়াস্তি ক্রমান্মুক্তিঞ্চ পার্থিব। ইতি পদ্মপুরাণং॥

অথ গায়ত্রীকল্পঃ। জপন্ হি পাবনীং দেবীং গায়ত্রীং বেদমাতরং। তপসা ভাবিতো দেব্যা ব্রাহ্মণঃ পূতকিল্বিষঃ॥ নসীদেৎ প্রতিগৃহ্নন্ স হ্যপি পৃথ্বীং সসাগরাং। যে সন্ধ্যে হ্যপতিষ্ঠেত গায়ত্রীং প্রয়তঃ শুচিঃ। যত্তস্য দুষ্কৃতং নাস্তি পূর্ব্বতঃ পরতোঽপি বা। যজ্ঞদানরতো বিদ্বান্ সাঙ্গবেদস্য পাঠকঃ॥ গায়ত্রী ধ্যানপূতস্য কলাং নার্হন্তি ষোড়শীং। এবং কিল্বিষযুক্তস্তু বিনির্দ্দহতি পাতকং॥ উভে সন্ধ্যে হ্যপাসীত তস্মান্নিত্যং দ্বিজোত্তমঃ। ছন্দস্তস্যাস্তু গায়ত্রং গায়ত্রীত্যুচ্যতে ততঃ। গায়ন্তং ত্রায়তে যস্মাৎ গায়ত্রী তু ততঃ স্মৃতা। মরীচে কারণাত্তস্মাৎ গায়ত্রী কীর্ত্তিতা ময়া॥ তব বুদ্ধিমতাং শ্রেষ্ঠ নিত্যং সর্ব্বেষু কর্ম্মসু। সব্যাহৃতিং সপ্রণবাং গায়ত্রীং শিরসা সহ॥ জপন্তি যে সদা তেষাং ন ভয়ং বিদ্যতে কচিৎ। দশকৃত্বঃ প্রজপ্তা সা রাত্র্যহ্নোর্যৎ কৃতং লঘু॥ তৎপাপং প্রণুদত্যাশু নাত্র কার্য্যা বিচারণা। শতং জপ্তা তু সা দেবী পাপৌঘশমনী স্মৃতা॥ সহস্রং জপ্তা সা দেবী মহাপাতকনাশিনী। লক্ষজাপ্যেন সাপ্যেবং সপ্তজন্মনি পাতকং॥ কোটিজাপ্যেন বিপ্রর্ষে যদিচ্ছতি তদাপ্নুয়াৎ। যক্ষবিদ্যাধরত্বে বা গান্ধর্ব্বে দৈবতেঽপি বা। যত্র যত্র ভবেদ্বাঞ্ছা তত্তদাপ্নোত্যসংশয়ং। দশসাহস্রজাপ্যেন নিষ্কামঃ পুরুষো যদি॥ বিধিনা নিয়তঃ ধ্যায়েৎ প্রাপ্নোতি পরমং পদং। যথাকথঞ্চিজ্জপিতা গায়ত্রী পাপহারিণী। সর্ব্বকামপ্রদা প্রোক্তা পৃথক্‌কর্ম্মসু নিষ্ঠিতা॥

মরীচিরুবাচ। বিধিনা কেন কর্ত্তব্যা গায়ত্রী পাপনাশিনী। পবিত্রা পরমা শ্রেষ্ঠা সর্ব্বকল্যাণ সাধিনী। বহ্নিরুবাচ। সব্যাহৃতিং সপ্রণবাং জপ্ত্বা মাসাংশ্চ ষোড়শ। অপি ভ্রূণহনঃ পাপাৎ মুচ্যন্তেঽহরহঃ

এই উভয়ের বাচ্যবাচক সম্বন্ধ জানিবে। সবিতা দেব গায়ত্রীর বাচ্য এবং গায়ত্রী সবিতার বাচিকা। যে জিতেন্দ্রিয় ব্রাহ্মণগণ উক্তরূপা গায়ত্রীর উপাসনা করে, তাহারা প্রথমতঃ সূর্য্য লোক প্রাপ্ত হইয়া ক্রমতঃ মুক্তি লাভ করিয়া থাকে।

যে ব্রাহ্মণ ত্রিলোক পাবনী বেদমাতা গায়ত্রী দেবীকে জপ করে, সেই ব্রাহ্মণ সর্ব্বতপস্যান্বিত হয় এবং তাহার সকল পাপ বিনাশ পায়। আর গায়ত্রী জপ করিয়া সসাগরা পৃথিবী গ্রহণ করিলেও সে প্রতিগ্রহ জনিত পাপে অবসন্ন হয় না। যে ব্যক্তি প্রাতঃকালে ও সায়ংকালে সংযতেন্দ্রিয় ও শুচি হইয়া গায়ত্রীর উপাসনা করে, তাহার পূর্ব্বকৃত পাপ বিনাশ পায় এবং পরেও তাহার অঙ্গে পাপস্পর্শ হইতে পারে না। যিনি বিবিধ যজ্ঞ ও দানাদি করিয়াছেন এবং সাঙ্গ বেদ পাঠ করিয়া বিদ্বান্ হইয়াছেন, তিনিও গায়ত্রীধ্যান দ্বারা পূত ব্যক্তির ষোড়শাংশের একাংশ পুণ্যভাগী হইতে পারেন নাই। আর যে ব্যক্তি মহাপাতকাদিযুক্ত সেও যদি গায়ত্রী জপ করে, তৎক্ষণাৎ গায়ত্রী দেবী তাহার সকল পাপ দগ্ধ করেন। অতএব দ্বিজগণ প্রতিদিন উভয় সন্ধ্যাতে গায়ত্রীর উপাসনা করিবে। যে হেতু উক্ত মন্ত্রের গায়ত্রী ছন্দঃ, অতএবই ইহাকে গায়ত্রী বলে। বিশেষতঃ উক্ত মন্ত্র গান করিলে সে তৎক্ষণাৎ সংসার সাগর হইতে পরিত্রাণ পায়, এই নিমিত্তই গায়ত্রী নাম হইয়াছে। যে সর্ব্ব কর্ম্মেতে সব্যাহৃতিকা, সপ্রণবা ও সশিরস্কা গায়ত্রী সর্ব্বদা জপ করে, কোন স্থানেও তাহার ভয় থাকে না। দশবার মাত্র গায়ত্রী জপ করিলে দিবারাত্রিকৃত সমস্ত পাপ বিনাশ পায়. শতবার গায়ত্রী জপ করিলে তাহার রাশি রাশি পাপ থাকিলেও তাহা বিনষ্ট হইয়া থাকে। আর যদি কেহ সহস্রবার গায়ত্রী জপ করে, তাহাহইলে গায়ত্রী দেবী জপকর্ত্তার মহাপাতক বিনাশ করিয়া থাকেন। যদি কোন ব্যক্তি লক্ষবার গায়ত্রী জপ করিতে পারে, তাহাহইলে পূর্ব্ব সপ্ত জন্মে যত পাপ সঞ্চিত থাকে, তৎসমুদয় বিনাশ পাইবে। আর কোন ব্যক্তি কোটিবার গায়ত্রী জপ করিতে পারিলে সে যাহা ইচ্ছা করে, তাহাই পাইতে পারে। গায়ত্রীজপকর্ত্তা যক্ষ বিদ্যাধরত্ব, গন্ধর্ব্বত্ব, অথবা দেবত্ব ইচ্ছা করিলেও নিঃসংশয় পাইয়া থাকে। যদি কোন নিষ্কাম পুরুষ দশ সহস্র গায়ত্রী জপ করিয়া বিধি পূর্ব্বক নিয়ত গায়ত্রীর ধ্যান করে, তাহাহইলে সেই ব্যক্তি পরমপদ লাভ করিয়া থাকে। আর যে কোন রূপে গায়ত্রী জপ করিলেও গায়ত্রী তাহার সর্ব্ব পাপ হরণ করিয়া থাকেন। গায়ত্রীকে পৃথক্ পৃথক্ কর্ম্মে স্থান করিলে বিশেষ বিশেষ ফল হইয়া থাকে।

মরীচি অগ্নিকে জিজ্ঞাসা করিয়াছিলেন, কিরূপ বিধানে গায়ত্রীর জপাদি করিলে সেই গায়ত্রী পাপ বিনাশ করিয়া থাকেন, আর পরম পবিত্রা গায়ত্রীকে কিরূপে ধ্যান করিলে সাধকের সর্ব্ব প্রকার কল্যাণ সাধন করেন? অনন্তর মরীচির বাক্য শ্রবণ করিয়া বহ্নি কহিয়াছিলেন, ব্যাহৃতি (ভূঃ ভুবঃ স্বঃ) ও প্রণবযুক্ত করিয়া ষোড়শমাস গায়ত্রী জপ করিলে, অহরহ ভ্রূণহত্যা করিলেও সেই পাপ বিনাশ পায়। সাধক

কৃতাৎ। সব্যাহৃতিং সপ্রণবাং গায়ত্রীং শিরসা সহ। ত্রিঃ পঠেদায়তপ্রাণঃ প্রাণায়ামঃ স উচ্যতে। প্রাণায়ামত্রয়ং কৃত্বা প্রাণায়ামৈস্ত্রিভিস্ত্রিভিঃ। অহোরাত্রকৃতাৎ পাপাৎ মুচ্যতে নাত্র সংশয়ঃ॥ অন্তর্জলে ত্রিরাবর্ত্ত্য গায়ত্রীং প্রয়তস্তথা। মুচ্যতে পাতকৈঃ সর্ব্বৈর্যদি ন ব্রহ্মহা ভবেৎ। নাস্তি সত্যাৎ পরো ধর্ম্মো নাস্তি কৃষ্ণাৎ সমা গতিঃ। গায়ত্র্যাশ্চ সমং নাস্তি দিবি চেহ চ পাবনং॥ হুতা চ বরদা দেবী সর্ব্বকামফলপ্রদা। গায়ত্র্যাশ্চ তিলৈর্হোমঃ সর্ব্বপাতকনাশনঃ॥ শান্তিকামো যবৈঃ কুর্য্যাদায়ুষ্কামো ঘৃতেন তু। কর্ম্মান্তসিদ্ধিকামস্তু কুর্য্যাৎ সিদ্ধার্থকৈর্নরঃ॥ ব্রহ্মবর্চ্চসকামস্তু পয়সা চ সমাচরেৎ। পুত্রকামঃ সদা দধ্না ধান্যকামস্তু শালিভিঃ॥ ক্ষীরবৃক্ষসমিদ্ভিস্তু গ্রহপীড়োপশান্তয়ে। ধনকামস্তথা বিল্বৈঃ শ্রীকামঃ কমলৈ স্তথা॥ আরোগ্যকামঃ ক্ষীরাক্তৈঃ কুর্য্যাৎ দূর্ব্বাঙ্কুরৈস্তথা। দেশোপসর্গে সংপ্রাপ্তে তদেব চ বিধীয়তে॥ গুগ্গুলৈ গুটিকাভিস্তু কৃত্বা হোমমতন্দ্রিতঃ। সৌভাগ্যং মহদাপ্নোতি নাত্র কার্য্যা বিচারণা॥ পায়সেন তথা হুত্বা বিদ্যাং সমধিগচ্ছতি॥ যেন যেন তু কামেন লক্ষহোমং সমাচরেৎ॥ তং তং কামমবাপ্নোতি নাত্র কার্য্যা বিচারণা। কৃচ্ছ্রেণ শুদ্ধিমুৎপাদ্য প্রাণায়ামশতেন চ॥ অন্তর্জলে চ তাং জপ্ত্বা স্নাতো নিত্যমতন্দ্রিতঃ। প্রাণায়ামাংস্ততঃ কৃত্বা বিধানেনৈব ষোড়শ॥ পূর্ব্বাহ্নে জুহুয়াদগ্নৌ সুসমিদ্ধে যথাবিধি। ভৈক্ষয়া চ কণাশী বা ফলমূলাশনোঽপি বা॥ ক্ষীরশক্তুঘৃতাহারো ভবেত্তত্র বিচক্ষণঃ। আহারাণাং যথোক্তানামেকাহারং সমাশ্রয়েৎ॥ সমাপ্তির্লক্ষহোমস্য যাবদ্ভবতি নিত্যশঃ। লক্ষহোমাবসানে তু ব্রাহ্মণেভ্যস্তু দক্ষিণা॥ দেয়া ভবতি শক্ত্যা তু গাবো বস্ত্রাণি কাঞ্চনং। সর্ব্বোৎপাতসমুৎপত্তৌ সর্ব্বং ভবতি শোভনং॥ পঞ্চভির্দশভির্বাথ লক্ষহোমং সমাচরেৎ। অসংকীর্ণে তথা দোষে নৃপতিস্তৎপ্রশান্তয়ে॥ নাস্তি লোকে স উৎপাতো যো হ্যতো-নোপশাম্যতি। মঙ্গলঞ্চ পরং নাস্তি যদস্মাদতিরিচ্যতে॥ গ্রহশান্তিং পুরা কৃত্বা মন্ত্রৈঃ স্বৈঃ স্বৈঃ শৃণুষ্ব তান্। ইন্দ্রায়াগ্নয়ে সোমায় নমঃ প্রজাপতেস্তথা॥ ব্যাহৃতিভ্যস্ততঃ পশ্চাৎ পূর্ণাহুতিমথা দদেৎ। গণানান্ত্বেতি বা কৃষ্ণ ইমং দেবেতি চেন্দবে। অগ্নির্ম্মূর্দ্ধেত্যুদ্বুধ্যস্ব বৃহস্পতেতি প্রযোজয়েৎ। অন্নাৎপরিস্রুতেনৈব মন্ত্রো

প্রাণসংযম করিয়া ব্যাহৃতিযুক্ত ও শিরোমন্ত্র সমন্বিত গায়ত্রী তিনবার জপ করিলেই প্রাণায়াম হইয়া থাকে। উক্তরূপে বারত্রয় প্রাণায়াম করিলে দিবারাত্রিকৃত পাপ হইতে মুক্তি পাইতে পারে, তাহাতে সংশয় নাই। জলমধ্যে থাকিয়া সংযতচিত্তে তিনবার গায়ত্রী জপ করিলে সর্ব্বপাপ হইতে মুক্ত হয় এবং ব্রহ্মবধ করিলেও উক্ত জপকর্ত্তা পাপলিপ্ত হয় না। যেমন সত্য হইতে পরমধর্ম্ম আর নাই, কৃষ্ণ হইতে পরমাগতি নাই, সেই রূপ গায়ত্রী হইতে পবিত্রকর্ত্তা আর কেহ নাই। গায়ত্রীমন্ত্রে হোম করিলে সর্ব্বপ্রকার কার্য্যের ফললাভ হয়, আর গায়ত্রী মন্ত্রে তিলদ্বারা হোম করিলে সর্ব্বপ্রকার পাপ বিনাশ পায়। শান্তিকামী ব্যক্তি যবদ্বারা, আয়ুষ্কামী ঘৃতদ্বারা কর্ম্মান্তসিদ্ধিকামী সর্ষপদ্বারা এবং ব্রহ্মবিজ্ঞানকামী দুগ্ধ দ্বারা হোম করিবে, আর পুত্র কামনায় দধি দ্বারা, ধান্যকামনায় ধান্যদ্বারা, গ্রহদোষ শান্তি কামনায় উডুম্বর সমিধদ্বারা, ধনকামনায় বিল্বদ্বারা, শ্রীকামনায় পদ্মদ্বারা, আরোগ্যকামনায় ক্ষীরাক্ত দূর্ব্বাদ্বারা হোম করিবে। আর দেশ মধ্যে কোন প্রকার উপসর্গ উপস্থিত হইলে ক্ষীরাক্ত দূর্ব্বাদ্বারা হোম করিবে। গুগ্গুলুর গুটিকা প্রস্তুত করিয়া তদ্বারা হোম করিলে মহা সৌভাগ্য হইয়া থাকে এবং গায়ত্রীমন্ত্রে পায়সদ্বারা হোম করিলে বিশিষ্ট বিদ্যা লাভ হয়। আর যে কোন কামনা করিয়া গায়ত্রী মন্ত্রে লক্ষ হোম করা যায়, সেই কামনাই নিশ্চয় সিদ্ধ হইয়া থাকে। গায়ত্রী মন্ত্রে শতবার প্রাণায়াম করিয়া শুদ্ধ হইবে এবং জলমধ্যে অবস্থান পূর্ব্বক গায়ত্রী জপ করিয়া স্নান করিবে, তৎপরে বিধানক্রমে ষোড়শবার প্রাণায়াম করিয়া পূর্ব্বাহ্ণ সময়ে প্রজ্বলিত হুতাসনে যথাবিধি হোম করিবে। এই কার্য্যে ভিক্ষাশন, তণ্ডুলকণাশন, ফলমূলাশন করিবে, অথবা ক্ষীরযুক্ত শক্তুভোজী হইয়া কার্য্য করিতে হইবে। যে সকল আহারীয় দ্রব্য উক্ত হইল, একবার মাত্র ঐ সকল দ্রব্য আহার করিবে। যাবৎ লক্ষ হোম সমাপ্তি না হয়, তাবৎ উক্ত রূপে প্রতিদিন একাহার করিয়া থাকিবে এবং লক্ষ হোম সমাপ্ত হইলে ব্রাহ্মণদিগকে দক্ষিণা দিতে হইবে। আর আপন শক্তি অনুসারে গো, বস্ত্র ও কাঞ্চন প্রদান করিবে। সর্ব্ব প্রকার উৎপাত উপস্থিত হইলেও যদি উক্ত রূপে লক্ষ হোম করে, তাহাহইলে সর্ব্ববিষয়ে শুভ হইয়া থাকে। পাঁচ বারে, অথবা দশ বারেও যদি লক্ষ হোম সমাপন করিতে পারে, তাহাহইলেও রাজার অশেষ দোষ শান্তি হয়। উক্ত প্রকারে লক্ষ হোম করিলে যে উৎপাত শান্তি না হয়, এবম্বিধ উৎপাতই জগতে নাই। আর এইরূপে হোম করিলে যেরূপ মঙ্গল সাধিত হয়, তদধিক মঙ্গলও আর নাই।

দেবীস্তুতঃ পুনঃ ॥ কয়ান ইতি রাহোর্মন্ত্রে কেতুং কৃণ্বন্নিতি কেতবে। ত্র্যম্বকেণ তু রৌদ্রস্য হোময়েজ্জাতবেদসি ॥ সর্ব্বং গায়ত্রীহোমস্তু লক্ষহোমে প্রকল্পয়েৎ। দিক্‌পালেভ্যশ্চ হোতব্যং ভূতেভ্যশ্চ ততঃ ক্রমাৎ ॥ মরুত্বমগ্নিঃ দূর্ত্তং বৈ যস্মিন্ বৃক্ষে নমামি তং। বরুণং বোরিণা দশ বয়মুত্তা পথস্য তে। সোমং রাজানমবসে ব্রহ্মরুদ্রায় বৈ তথা। ক্ষেত্রস্য পতিনা চৈব ভূতানাং পতয়ে তথা ॥ রক্ষোঘ্নেনৈব মন্ত্রেণ হোতব্যং বিধিপূর্ব্বকং। ঘৃতাক্তাভিঃ সমিদ্ভিশ্চ তিলহোমং ততঃ পরং ॥ দশৈকং প্রতি বা কুর্য্যাদষ্টাবিংশতিমেবচ। একৈকং প্রতিপূর্ণা স্যাত্তুমন্ত্র ঋষিসত্তমাঃ। ব্রহ্মবৃক্ষোদ্ভবাশ্চেধ্মাস্তথা দূর্ব্বাঙ্কুরোদ্ভবাঃ। হোতব্যা লক্ষহোমে তু গায়ত্র্যাঃ কামিকং পরং। শ্রীসূক্তং পাবমানঞ্চ পৌরুষং শাম্ভবং তথা। রৌদ্রমৈন্দ্রঞ্চ রামঞ্চ জ্যেষ্ঠসাম বৃহদ্রথং ॥ মহাজপস্তু হোমান্তে কুর্য্যাৎ বৈ সর্ব্বসিদ্ধিদং। সম্যক্ পূর্ণাঃ ততো দদ্যাৎ সপ্ত তে অভিমন্ত্রিতং ॥ নমো ব্রহ্মণেতি চামন্ত্র্য স্থাপিতঞ্চ নবং ঘটং। রত্নৈর্ব্বীজৈঃ শুভৈর্ব্বস্ত্রৈর্হেম্না চৈব তু সংযুতং ॥ তজ্জলেনাভিষিক্তেত দেবস্য হেতি বৈ তদা। ধ্বনাগাদিভির্মন্ত্রৈরভিষিক্তেত্ততঃ ক্রমাৎ। এবং যঃ কুরুতে রাজা লক্ষহোমং যতব্রতঃ। ন তস্য শত্রবঃ সংখ্যে অগ্রে তিষ্ঠন্তি কর্হিচিৎ। ন চৈব মরকো দেশে ব্যাধির্ব্বা জায়তে তথা। অতিবৃষ্টিরনাবৃষ্টির্মূষকাঃ শলভাঃ শুকাঃ। রাক্ষসাদ্যা বিনশ্যন্তি সর্ব্বাস্তত্র তথেতয়ঃ। জায়তে যস্য যা চেষ্টা ধর্ম্মিষ্ঠা সা ন কিং ভবেৎ। কোটিহোমস্তু যো রাজা কারয়েদ্বিধিপূর্ব্বকং। ন তস্য মানসো দাহ ইহ লোকে পরত্র চ। কোটিহোমে তু বরয়েৎ ব্রাহ্মণান্ বিংশতিং নৃপ। শতং বাথ সহস্রং বা য ইচ্ছেদ্ভূতিমাত্মনঃ। কোটিহোমং স্বয়ং যস্তু কুরুতে শ্রদ্ধয়া দ্বিজঃ। ক্ষত্রিয়ো বাথ বৈশ্যো বা তস্য পুণ্যফলং মহৎ। যদ্যদিচ্ছতি কামানাং তত্তদাপ্নোত্যসংশয়ং। সশরীরোপি চেদ্গন্তুং দিবমিচ্ছেত্তদাপ্নুয়াৎ। সাবিত্রী

পূর্ব্বে গ্রহ শান্তি করিয়া স্বস্বমন্ত্রে গ্রহগণের হোম করিতে হইবে, অর্থাৎ ইন্দ্রায় স্বাহা, অগ্নয়ে স্বাহা, সোমায় স্বাহা, প্রজাপতয়ে স্বাহা, এইরূপ হোম করিবে। অনন্তর ওঁ ভূঃ স্বাহা, ওঁ ভুবঃ স্বাহা, ওঁ স্বঃ স্বাহা, এইরূপ ব্যাহৃতি হোম করিয়া পূর্ণাহুতি প্রদান করিবে। আর এই হোমে নব গ্রহ হোম করিতে হইবে, তাহার বিশেষ এই—গণানাত্বা ইত্যাদি মন্ত্রে রবির, ইমং দেবা ইত্যাদি মন্ত্রে চন্দ্রের, অগ্নির্মূর্দ্ধা ইত্যাদি মন্ত্রে মঙ্গলের, উদ্বুধ্যস্ব ইত্যাদি মন্ত্রে বুধের, বৃহস্পতে অতিযদর্য্যো ইত্যাদি মন্ত্রে বৃহস্পতির, অন্নাৎ পরিস্রুতো রসং ইত্যাদি মন্ত্রে শুক্রের, শন্নো দেবীঃ ইত্যাদি মন্ত্রে শনির, কয়ানশ্চিত্র ইত্যাদি মন্ত্রে রাহুর এবং কেতুং কৃণ্বন্ ইত্যাদি মন্ত্রে কেতুর হোম করিবে। তৎপরে ত্র্যম্বক যজামহে ইত্যাদি মন্ত্রে অগ্নিদেবো রুদ্র হোম করিতে হইবে। এই লক্ষহোমে গায়ত্রীপাঠপূর্ব্বক লক্ষ আহুতি প্রদান করিবে। তৎপরে স্বস্বমন্ত্রে দিক্‌পালগণের হোম করিয়া ভূতগণকে এক এক আহুতি প্রদান করিবে। অনন্তর বিধিপূর্ব্বক রক্ষোঘ্ন মন্ত্রে হোম করিয়া ঘৃতাক্ত সমিধের সহিত তিল হোম করিবে। পূর্ব্বোক্ত এক এক দেবতার নামে দশ বার, অথবা অষ্টাবিংশতি বার আহুতি দিতে হইবে। আর প্রতি দেবতার হোমেই পূর্ণাহুতি প্রদান করা কর্ত্তব্য। গায়ত্রীর লক্ষ হোমে পলাশ বৃক্ষের ও দূর্ব্বাঙ্কুরের ইধ্মা (যজ্ঞীয় উপকরণ বিশেষ) প্রস্তুত করিয়া হোম করিতে হইবে। তৎপরে শ্রীসূক্ত, পুরুষসূক্ত, পাবমানীসূক্ত, শাম্ভবসূক্ত, রুদ্রসূক্ত, ইন্দ্রসূক্ত, রামসূক্ত, জ্যেষ্ঠসাম ও বৃহদ্রথ মন্ত্রে হোম করিতে হইবে। এইরূপে হোম করিয়া মহাজপ করিবে, ইহাতে সর্ব্ব কামনা সিদ্ধ হয়। এই হোমের অন্তে সপ্ত বার অভিমন্ত্রিত করিয়া সম্যক্ প্রকার পূর্ণাহুতি দিবে। অনন্তর নূতন একটি জলপূর্ণ ঘট স্থাপনা পূর্ব্বক সেই ঘটকে মাল্যদ্বারা সুশোভিত করিবে এবং সেই ঘটমধ্যে নব রত্ন, ও শত শত ক্ষেপণ পূর্ব্বক সুশোভন বস্ত্র ও স্বর্ণ সমন্বিত করিয়া নমো ব্রহ্মণ ইত্যাদি মন্ত্রে অভিমন্ত্রিত করিবে। অনন্তর সেই ঘটের জল দ্বারা দেবস্য ত্বা ইত্যাদি মন্ত্রে অভিষেক করিয়া ধ্বনাগা ইত্যাদি মন্ত্রে অভিষেক করিবে। যে রাজা এইরূপে লক্ষ হোম করেন, শত্রুগণ কদাচ যুদ্ধক্ষেত্রে তাহার অগ্রে তিষ্ঠিতে পারে না। আর যে দেশে এইরূপ লক্ষ হোম হইয়া থাকে, সেই দেশে কোন রূপ মরক হইতে পারে না, কোন রূপ উৎকট ব্যাধি জন্মে না, আর অতি বৃষ্টি, অনাবৃষ্টি, পতঙ্গ, মূষিক, পক্ষী, প্রভৃতি ঈতি দোষ থাকে না এবং রাক্ষসাদির উপদ্রব থাকিলে তাহাও বিনাশ পায়। আর সেই দেশের জল সুস্বাদু হয়, শস্য সকল নিরুপদ্রবে পরিপক্ক হইয়া থাকে এবং সেই রাজা যাহার চেষ্টা করেন, তাহাই সফল হয়। ইহার অন্যথা হয় না এবং যে রাজা পূর্ব্বোক্ত প্রকারে বিধিপূর্ব্বক কোটি হোম করাইতে পারেন, তাঁহাকে ইহকালে কিম্বা পরকালে কোন মানসিক ক্লেশ ভোগ করিতে হয় না। কোটি হোম করিতে হইলে বিংশতি, শত অথবা সহস্র ব্রাহ্মণ বরণ করিতে হইবে। আর যিনি আপনার সম্পত্তি ইচ্ছা করেন, তিনি উক্ত রূপে কোটি হোম করিবেন। যে ব্রাহ্মণ, ক্ষত্রিয় অথবা বৈশ্য স্বয়ং কোটি হোম করেন তাহার মহা পুণ্য ফল হইয়া থাকে

পরমাদেবী সাবিত্রী পাবনং পরং। সর্ব্বকামপ্রদা চৈব সাবিত্রী কথিতা তব। অভিচারেষু তাং দেবীং বিপরীতাং বিচিন্তয়েৎ। কার্য্যা ব্যাহৃতয়শ্চাত্র বিপরীতাক্ষরা স্তথা। বিপরীতাক্ষরং কার্য্যং শিরশ্চ ঋষিসত্তম। আদৌ শিরঃ প্রয়োক্তব্যং প্রণবো হন্তেন বৈ ঋষে। মতিস্থেনৈব ফট্‌কারং মধ্যে নাম প্রকীর্ত্তিতং। গায়ত্রীং চিন্তয়েত্তত্র দীপ্তানলসমপ্রভাং। ঘাতয়ন্তীং ত্রিশূলেন কেশেষ্বাক্ষিপ্য বৈরিণং। নির্দ্দহন্তীং ত্রিশূলেন ভ্রুকুটী ভূষিতাননাং। উচ্চাটনেতু তাং দেবীং বায়ুভূতাং বিচিন্তয়েৎ। ধাবমানং যথা সাধ্যং তস্মাদ্দেশাত্তু দূরতঃ। অভিচারেষু হোতব্যা রাজিকা বিষমিশ্রিতা। স্বরক্তমিশ্রং হোতব্যং কটুতৈলমথাপিবা। তত্রাপি চ বিষং দেয়ং হোমকালে প্রযত্নতঃ। ক্রোধেন মহতাবিষ্টঃ পরান্নাভিচরেদ্বুধঃ। ন কুর্য্যাদ্ যদি ক্রোধেন ধ্রুবং নশ্যেৎ স এবতু। অনাগসি ন কর্ত্তব্য মভিচার মতো বুধৈঃ। স্বল্পাগসি ন কর্ত্তব্যো হ্যভিচারো মহামুনে। মহাপরাধং বলিনং দেবব্রাহ্মণকণ্টকং। অভিচারেণ যো হন্যান্ন স পাপেন লিপ্যতে। ধর্ম্মপ্রদানেতু তথা স্বল্পাগসি তথৈবচ। অভিচারং ন কুর্ব্বীত বহুপাপং বিচক্ষণঃ। বহূনাং কণ্টকং যস্তু পাপাত্মানং সুদুর্ম্মতিং। হন্যাৎ প্রাপ্তাপরাধস্তু তস্য পুণ্যফলং মহৎ। যে ভক্তাঃ পুণ্ডরীকাক্ষে দেবযজ্ঞে দ্বিজে জনে। ন তানভিচরেৎ জাতু তত্র তদ্বিফলং ভবেৎ। নহি কেশবভক্তানামভিচারেণ কর্হিচিৎ। বিনাশমভিপদ্যেত তস্মাত্তন্ন সমাচরেৎ ॥

সেয়ং ধাত্রী বিধাত্রী চ সাবিত্র্যঘবিনাশিনী। প্রাণায়ামেন জপ্যেন তথাচান্তর্জলেন চ। সব্যাহৃতিকপ্রণবা জপ্তব্যা শিরসা সহ। প্রণবেন তথান্যস্তা বাচ্যা ব্যাহৃতয়ঃ পৃথক্। দৈবতং সবিতাপ্যস্যা গায়ত্রং ছন্দ এবচ। বিশ্বামিত্রঋষিশ্চৈব প্রোচ্যতে ঋষিসত্তম। কর্ম্মেন্দ্রিয়াণি পঞ্চৈব পঞ্চ বুদ্ধীন্দ্রিয়াণি চ। পঞ্চেন্দ্রিয়ার্থাঃ সুমহৎ

এবং সেই ব্রাহ্মণাদিরা যাহা যাহা কামনা করে তাহাই সিদ্ধ হইয়া থাকে, ইহাতে কোন সংশয় নাই, আর যদি কোটি হোমকর্ত্তা সশরীরে স্বর্গে যাইতে ইচ্ছা করে, তাহার তাহাও ঘটিয়া থাকে। সাবিত্রী পরম দেবতা, সাবিত্রী সকলের পবিত্রতাকারিণী এবং সর্ব্বকামপ্রদা। মারণ উচ্চাটন প্রভৃতি অভিচার কার্য্যে এই সাবিত্রীকে বিপরীতভাবে চিন্তা করিতে হইবে। অর্থাৎ ভূরাদি ব্যাহৃতি, অক্ষর ও শিরোম সকলই বিপরীতক্রমে চিন্তা করিয়া অভিচার কার্য্য করিবে। আর মারণ কার্য্যে গায়ত্রীকে প্রদীপ্তঅনলসমপ্রভান্বিতা চিন্তা করিতে হইবে, আর সেই সাবিত্রী যেন ত্রিশূল দ্বারা শত্রুকে কেশে গ্রহণ পূর্ব্বক আঘাত করিতেছেন, ত্রিশূল দ্বারা দগ্ধ করিতেছেন এবং তাঁহার বদন ভ্রুকুটীতে অতি ভয়ঙ্কর হইয়াছে, এইরূপ ভাবনা করিয়া শত্রুর মারণ কার্য্য করিবে। উচ্চাটন কার্য্যে গায়ত্রী দেবীকে বায়ুরূপিণী চিন্তা করিবে, আর যাহাকে উচ্চাটন করা যায় সেই ব্যক্তি যেন দেশ হইতে দূরে ধাবমান হইতেছে, এইরূপ ভাবনা করিয়া উচ্চাটন কার্য্য করিবে। অভিচার কার্য্যে বিষমিশ্রিত সর্ষপ দ্বারা হোম করিতে হইবে, অথবা স্বীয় রক্তমিশ্রিত কটু তৈলদ্বারা হোম করিবে। আর এই কটুতৈলহোমেও বিষমিশ্রিত করিয়া দিবে। ক্রোধাভিভূত হইয়া কদাচ শত্রুগণের প্রতি অভিচার কার্য্য করিবে না, যদি ক্রোধের বশীভূত হইয়া কেহ অভিচার করে তাহা হইলে সেই কার্য্যে অভিচার কর্ত্তাই বিনাশ পায়। আর যে ব্যক্তি নিরপরাধী তাহার প্রতি কখনও অবিচার করিবে না এবং স্বল্পাপরাধেও অভিচার করা উচিত নহে, পরন্তু যে ব্যক্তি মহাপরাধ করিয়াছে, অথবা দেবতা ও ব্রাহ্মণের কণ্টক স্বরূপ, তাহার প্রতিই অভিচার করিতে পারা যায় এবং উক্ত মহাপরাধী ও দেবব্রাহ্মণের কণ্টকস্বরূপ ব্যক্তিকে অভিচার দ্বারা বিনাশ করিলে অভিচার কর্ত্তার কোন রূপ পাপ হইতে পারে না। যে ব্যক্তি ধর্ম্ম প্রদান করিতে গিয়া অল্প অপরাধ করিয়াছে, তাহাকে অভিচার করিয়া বিনাশ করিবে না, কারণ উক্ত ব্যক্তিকে অভিচার করিয়া বিনাশ করিলে অভিচার কর্ত্তার অনেক পাপ জন্মে। বাস্তবিক যে ব্যক্তি অনেকের কণ্টক স্বরূপ, পাপাত্মা ও দুর্ম্মতি তাহার অপরাধ পাইলেই অভিচার দ্বারা বিনাশ করিবে, তাহাতে অভিচার কারকের মহৎ পুণ্যসঞ্চয় হইয়া থাকে। আর যাহারা নারায়ণের ভক্ত, দেবতা ও যজ্ঞে অনুরক্ত এবং ব্রাহ্মণপরায়ণ তাহাদিগের প্রতি অভিচার করিবে না। উক্তরূপ ব্যক্তির প্রতি অভিচার করিলে তাহা বিফল হইয়া যায়। যাহারা কেশবভক্ত তাহারা কখন অভিচারে বিনাশ পায় না, অতএব তাহাদিগের প্রতি অভিচার করিবে না।

সাবিত্রী দেবী সকলের বিধানকর্ত্রী এবং সকল পাপ বিনাশ করিয়া থাকেন। গায়ত্রী দ্বারা প্রাণায়াম ও গায়ত্রী জপ করিলে সেই ব্যক্তির কোন পাপ থাকিতে পারেনা। ব্যাহৃতি, প্রণব ও শিরোমন্ত্র সমন্বিত (ওঁ আপো জ্যোতী রসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোম্ ইহাই গায়ত্রীর শিরোমন্ত্র) গায়ত্রীজপকালে প্রণব ও প্রণবযুক্ত ব্যাহৃতি দ্বারা ন্যাস করিতে হইবে, অর্থাৎ ওঁ হৃদয়ায় নমঃ, ওঁ ভূঃ শিরসে স্বাহা, ওঁ ভুবঃ শিখায়ৈ বষট্, ওঁ স্বঃ কবচায় হুঁ, ওঁ ভূর্ভুবঃ স্বঃ নেত্রত্রয়ায় বৌষট্, ওঁ ভূর্ভুবঃ স্বঃ অস্ত্রায় ফট্, এইরূপে ন্যাস করিয়া গায়ত্রী জপ করিবে।

ভূতানাং পঞ্চ পঞ্চকং। মনোবুদ্ধিস্তথৈবাত্মা অব্যক্তমৃষিসত্তম। চতুর্ব্বিংশত্যথৈতানি গায়ত্র্যা অক্ষরাণি তু। প্রাগেবং পুরুষং বিদ্ধি সঙ্গতং পঞ্চবিংশকং। সপ্তলোকাশ্চ যে চেহ মহাব্যাহৃতয়স্তথা। শিরশ্চ তত্তথা বাচ্যঃ পুরুষঃ পরমেশ্বরঃ। এবম্বিধাচ গায়ত্রী জপ্তব্যা রাজসত্তম। হোতব্যা চ তথা শক্ত্যা সর্ব্বকামসমৃদ্ধিদা। সাবিত্রী সারমাত্রোপি বরং বিপ্রঃ সুযন্ত্রিতঃ। নাযন্ত্রিতশ্চতুর্ব্বেদী সর্ব্বাশী সর্ব্ববিক্রয়ী। গায়ত্রীং জপতে যস্তু ত্রিকালং ব্রাহ্মণঃ সদা। অর্থী প্রতিগ্রহী বাপি স গচ্ছেৎ পরমাং গতিং। গায়ত্রীং জপতে যস্তু কল্যমুত্থায় যো দ্বিজঃ। স লিপ্যতি ন পাপেন পদ্মপত্রমিবাম্ভসা। কামকামী লভেৎ কামান্ গতিকামশ্চ সদগতিং। অকামঃ সমবাপ্নোতি তদ্বিষ্ণোঃ পরমং পদং। ইতি অগ্নিপুরাণং॥

অস্যা ধ্যানং যথা। শ্বেতা ত্বং শ্বেতরূপাসি শশাঙ্কেন সমা মতা। বিভ্রতী বিপুলাবূরূ কদলীগর্ভকোমলৌ। এণশৃঙ্গং করে গৃহ্য পঙ্কজঞ্চ সুনির্ম্মলং। বসানা বসনে ক্ষৌমে রক্তে চাদ্ভুতদর্শনে॥ শশিরশ্মিপ্রকাশেন হারেণোরসি রাজসে। দিব্যকুণ্ডলপূর্ণাভ্যাং শ্রবণাভ্যাং বিভূষিতা॥ চন্দ্রযোগলযুক্তেন মুকুটেন বিরাজসে। মুকুটেন ত্রিগ্রন্থেন কেশবন্ধেন শোভিনা॥ ভুজগাভোগসদৃশৌ ভুজৌ ভ্রাজয়তো দিশঃ। স্তনৌ তে কঠিনৌ দেবি বর্ত্তুলৌ সমচুচুকৌ॥ জঘনেনাতিশুভ্রেণ ত্রিবলীভিশ্চ সংযুতা। বিস্তীর্ণস্পষ্টজঘনা সুশ্রোণী চ বরাননা॥ চারুরূপোরুযুগলা অনুজ্জ্বলা তথা। ত্রৈলোক্যচারিণী সা ত্বং জগতামেব পাবনী॥

অথ ধ্যানান্তরং। চতুর্ভুজাং শশিকলাং জটাজূটসমন্বিতাম্। ঋক্সামযজুরাসীনাং প্রফুল্লপঙ্কজেক্ষণাম্। পঞ্চাশবর্ণগ্রথিতমালাদ্যোতিতহৃৎস্থলাম্। অনেকবর্ণনির্ম্মাণকণ্ঠদেশবিরাজিতাম্। দিব্যগন্ধপ্রলিপ্তাঙ্গীং শুক্লবস্ত্র-

---

সবিতা অর্থাৎ সূর্য্য এই গায়ত্রীর দেবতা, ছন্দ গায়ত্রী এবং ঋষিশ্রেষ্ঠ বিশ্বামিত্র ইহার ঋষি। এই সকল স্মরণ করিয়া গায়ত্রীর ঋষ্যাদি ন্যাস করিবে অর্থাৎ অস্য মন্ত্রস্য বিশ্বামিত্রঋষির্গায়ত্রী ছন্দঃ সবিতা দেবতা জপোপনয়নে বিনিয়োগঃ। এইরূপ ঋষ্যাদি পাঠ করিয়া শিরসি বিশ্বামিত্রঋষয়ে নমঃ, মুখে গায়ত্রীচ্ছন্দসে নমঃ, হৃদি সবিত্রে দেবতায়ৈ নমঃ, এইরূপে ঋষ্যাদিন্যাস করিবে। আর পঞ্চ কর্ম্মেন্দ্রিয় অর্থাৎ বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ, পঞ্চ বুদ্ধীন্দ্রিয় অর্থাৎ চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক, পঞ্চেন্দ্রিয়ের বিষয় অর্থাৎ ক্ষিতি, অপ, তেজ, বায়ু ও আকাশ, এই পঞ্চভূত এবং মন, বুদ্ধি আত্মা ও প্রকৃতি এই চতুর্ব্বিংশতি তত্ত্বই গায়ত্রীর চতুর্ব্বিংশতি অক্ষর। আর ভূঃ, ভুবঃ, স্বঃ, জন, মহ, তপঃ ও সত্য এই সপ্তলোকই গায়ত্রীর মহাব্যাহৃতি স্বরূপ। যিনি পরমপুরুষ পরমেশ্বর তিনিই ইহার শির। এইরূপ চিন্তা করিয়া জপ করিবে এবং যথাশক্তি হোম করিবে, তাহা হইলে সর্ব্ব কামনা পূর্ণ হয় এবং সর্ব্ববিধ সমৃদ্ধি লাভ হইয়া থাকে। যিনি গায়ত্রীকে সার করিয়াছেন তিনিই সুব্রাহ্মণ, আর গায়ত্রীহীন ব্যক্তি সর্ব্ববেদ অধ্যয়ন করিলেও তিনি সর্ব্বভক্ষক ও সর্ব্ববিক্রয়ীর তুল্য। যে ব্রাহ্মণ ত্রিসন্ধ্যা গায়ত্রী জপ করে সেই ব্যক্তি সকলের নিকট প্রতিগ্রহ করিলেও তাহার পরমাগতি লাভ হইয়া থাকে। যে দ্বিজ প্রভাতে উঠিয়া গায়ত্রী জপ করে সে কদাচ পাপে লিপ্ত হয় না, যেমন পদ্মপত্রে জল লিপ্ত হইতে পারে না, সেইরূপ গায়ত্রী জাপকের অঙ্গে পাপ লিপ্ত হইতে পারে না। গায়ত্রী জপ করিলে কামী ব্যক্তির কামনা পূর্ণ হয় এবং সদ্গতি ইচ্ছা করিলে সদ্গতি পায় আর নিষ্কামী ব্যক্তি বিষ্ণুর পরমপদ লাভ করিয়া থাকে।

বক্ষ্যমাণ প্রকারে গায়ত্রীর ধ্যান করিয়া পূজা করিতে হইবে। হে দেবি! তুমি শ্বেতরূপা এবং চন্দ্রের ন্যায় প্রভাবিশিষ্টা, তোমার বিপুল উরুদ্বয় কদলীগর্ভের ন্যায় সুকোমল, তুমি এক হস্তে মৃগশৃঙ্গ এবং অন্য হস্তে সুনির্ম্মল পদ্ম ধারণ করিয়া অতি অদ্ভুতদর্শন রক্তবর্ণ ক্ষৌম বস্ত্র পরিধান করিয়াছ। তোমার বক্ষঃস্থলে চন্দ্ররশ্মির ন্যায় সুপ্রকাশিত হার শোভা পাইতেছে। তুমি দিব্য কুণ্ডলপূর্ণ কর্ণদ্বয়ে বিভূষিতা হইয়াছ, তোমার মুকুটে চন্দ্র যুগল শোভা পাইতেছে, আর তুমি মুকুট এবং গ্রন্থিত্রয় যুক্ত কেশবন্ধে শোভা পাইতেছ, তোমার ভুজগাকার বাহুযুগল দশদিক্ প্রকাশ করিতেছে। দেবি! তোমার স্তনদ্বয় বর্ত্তুল ও কঠিন, স্তনাগ্র সমাকার এবং জঘন অতি শুভ্রবর্ণ। তুমি বলীত্রয়ে শোভা পাইতেছ। তোমার কটি অতিবিস্তীর্ণ, কণ্ঠদেশ সুশোভিত এবং বদন অতি উত্তম, উরুযুগল অতি মনোহর তুমি আপন অঙ্গে পদ্ম আভরণ করিয়াছ, ত্রিভুবনে তোমার বিচরণ আছে এবং তুমিই ত্রিজগতের পবিত্রতা সাধন করিতেছ।

অনন্তর গায়ত্রীর অন্য ধ্যান কথিত হইতেছে। বক্ষ্যমাণ প্রকারে দেবীর রূপ চিন্তা করিয়া ধ্যান করিবে। গায়ত্রী দেবী চতুর্ভুজা ইঁহার কপালে চন্দ্রকলা বিরাজমান আছে, ইনি জটাজূটসমন্বিতা, এবং ঋক্, সাম ও যজু এই বেদত্রয়ে সমাসীনা আছেন, প্রফুল্ল পঙ্কজের ন্যায়

পরিচ্ছদাম্। শুক্লপদ্মসমাসীনাং শুক্লবস্ত্রোত্তরীয়িণীম্। ব্রহ্মাদিদেবতাবৃন্দৈঃ সংস্তুতাং নিত্যনূতনাম্। প্রাতরাদিত্যসঙ্কাশাং চতুর্ব্বাহুসমন্বিতাং। হংসাসনসমাসীনাং ঋগ্বেদে সমুদাহৃতাং। মধ্যাহ্নে চন্দ্রসংকাশাং গরুড়াসনসংস্থিতাং। চতুর্ভুজাং কৃষ্ণবর্ণাং বিকচোৎপলধারিণীং। যজুর্ব্বেদোদিতাং ধ্যাত্বা প্রজপেৎ পরমাক্ষরীং। বৃষাসনসমাসীনাং চতুর্ব্বাহুসমন্বিতাং। সায়াহ্নে বরদাং ঘোরাং প্রতিবক্ত্রে ত্রিলোচনাং। এবং ধ্যাত্বা ন্যসেদ্বর্ণং পঠিত্বা ছন্দ-উত্তমম্॥

ওঁ অস্যা অগ্নিমুখীগায়ত্র্যাঃ পরংব্রহ্মঋষিঃ ঋগ্যজুঃসামাথর্ব্বচ্ছন্দঃ সবিতা দেবতা পরংব্রহ্মমাতুর্ন্যাসে বিনিয়োগঃ॥ পাদাদি মস্তকান্তঞ্চ ন্যাসং কুর্য্যাদ্বিশালধীঃ। বিনা ন্যাসং জপেদ্যস্তু গায়ত্রী নিষ্ফলা ভবেৎ। বিনা মুদ্রাং ন্যসেদ্যস্তু ন্যাসো ভবতি নিষ্ফলঃ॥ যতিশ্চ পঞ্চমুদ্রাভির্ন্যাসং কুর্য্যাৎ প্রযত্নতঃ। গৃহী চ যত্নতঃ কুর্য্যাৎ ত্রিসন্ধ্যং তত্ত্বমুদ্রয়া। কনিষ্ঠানামিকাঙ্গুষ্ঠা অঙ্গুষ্ঠা তর্জ্জনী তথা। অঙ্গুষ্ঠমধ্যমাযুক্তা অঙ্গুষ্ঠানামিকা তথা। কনিষ্ঠাঙ্গুষ্ঠসংযোগাৎ পঞ্চমুদ্রাঃ প্রকীর্ত্তিতাঃ। পাদাদি মস্তকান্তঞ্চ ওঁ ভূর্ভুবঃ স্বর্ন্যসেৎ সুধীঃ। সপ্তধা বিন্যসেদ্বিদ্বান্ গায়ত্রীং ক্রমতস্ততঃ। পাদাঙ্গুষ্ঠে ন্যসেদ্যোগী তৎকারং ভাবতৎপরঃ। সকারং চাঙ্গুলয়োর্মধ্যে বিকারং জঙ্ঘয়োস্তথা। তুকারং জানুনোর্মধ্যে বকারং মধ্যদেশতঃ। রেকারং গুহ্যদেশে চ ণকারং বৃষণে ন্যসেৎ। য়ংকারং কটিদেশে চ ভকারং নাভিমণ্ডলে। র্গোকারং জঠরে ন্যস্য দেকারং স্তনয়োর্ন্যসেৎ। বকারং হৃদি দেশে চ স্যকারং কণ্ঠতো ন্যসেৎ। ধীকারং বদনে ভদ্রে মকারং জানুনি ন্যসেৎ। হিকারং নাসিকাগ্রে চ ধিকারং চক্ষুষোর্ন্যসেৎ। য়োকারং প্রথমং যোগী ভ্রুবোর্মধ্যে চ বিন্যসেৎ। দ্বিতীয়ং তচ্চ বিজ্ঞেয়ং ললাটে চ ন সংশয়ঃ। নঃকারঞ্চ মুখে জ্ঞেয়ং প্রকারং দক্ষিণামুখম্। চোকারং পশ্চিমে

ইহার নয়নযুগল প্রকাশিত হইতেছে, আর গায়ত্রীর বক্ষঃস্থলে পঞ্চাশৎ বর্ণদ্বারা গ্রথিমালা বিরাজিত আছে, এবং কণ্ঠদেশে অনেক মণিনির্ম্মিত মালা প্রকাশ পাইতেছে, ইঁহার সর্ব্বাঙ্গ দিব্য চন্দনাদিদ্বারা অনুলিপ্ত এবং পরিধান শুক্লবস্ত্র। ইনি শুক্লপদ্মোপরি উপবিষ্টা এবং ইঁহার উত্তরীয় বস্ত্রও শুক্লবর্ণ। ব্রহ্মাদি দেবগণ সর্ব্বদা দেবীকে স্তব করিতেছেন, ইনি প্রতিদিন নূতন দেহ ধারণ করেন। বিশেষতঃ ইহার প্রাতঃকালে, মধ্যাহ্নে ও সায়াহ্নে যে রূপান্তর হইয়া থাকে, তাহা এই। গায়ত্রী দেবী প্রাতঃকালে আদিত্যের ন্যায় প্রভাশালিনী ও চতুর্ভুজধারিণী হইয়া থাকেন এবং হংসবাহনে উপবেশন করেন, এই সময়ে ইহাকে ঋগ্বেদময়ী চিন্তা করিবে। মধ্যাহ্নকালে গায়ত্রীর দেহকান্তি চন্দ্রের ন্যায় সমুজ্জ্বল হইয়া থাকে, এবং গরুড়োপরি উপবেশন করিয়া অবস্থিতা হয়েন, এই সময়ে ইনি চতুর্ভুজা ও কৃষ্ণবর্ণা হইয়া থাকেন এবং প্রফুল্ল পদ্ম ধারণ করেন, সাধক মধ্যাহ্নকালে গায়ত্রীকে যজুর্ব্বেদময়ী ধ্যান করিয়া জপ করিবে। সায়াহ্ন সময়ে গায়ত্রী দেবী বৃষবাহনে অধিষ্ঠিতা থাকেন, এবং চতুর্ব্বাহুযুক্তা হয়েন, এই সময়ে ইহার রূপ অতি ভয়ঙ্কর হইয়া থাকে, ইহার প্রতিবদনেই তিনটি করিয়া নেত্র প্রকাশ পায়, সাধক সায়াহ্ন সময়ে গায়ত্রীকে সামবেদময়ী চিন্তা করিয়া জপ করিবে।

অনন্তর গায়ত্রীর ন্যাস করিতে হইবে। এই ন্যাসের পরংব্রহ্ম ঋষি, ঋক্, যজু, সাম ও অথর্ব্ব ছন্দ, সবিতা ইহার দেবতা, বেদমাতা গায়ত্রীর ন্যাসে ইহাদিগের বিনিয়োগ হয়। বিশিষ্ট বুদ্ধিশালী সাধক পদ হইতে মস্তক পর্য্যন্ত আপন অঙ্গে ন্যাস করিয়া গায়ত্রী জপ করিবে। যে ব্যক্তি ন্যাস না করিয়া গায়ত্রী জপ করে তাহার সেই জপ নিষ্ফল হইয়া যায়। আর মুদ্রা না জানিয়া ন্যাস করিলে সেই ন্যাসও বিফল হইয়া থাকে। অতএব যতি ব্যক্তি পঞ্চ মুদ্রা এবং গৃহস্থ ব্যক্তি কেবল তত্ত্ব মুদ্রা দ্বারা ত্রিসন্ধ্যা ন্যাস করিবে। পঞ্চ মুদ্রা যথা—কনিষ্ঠা, অনামিকা ও অঙ্গুষ্ঠাযোগে প্রথম মুদ্রা, অঙ্গুষ্ঠা ও তর্জনীযোগে দ্বিতীয় মুদ্রা, অঙ্গুষ্ঠা ও মধ্যমাযোগে তৃতীয় মুদ্রা, অঙ্গুষ্ঠা ও অনামিকা যোগে চতুর্থ মুদ্রা এবং অঙ্গুষ্ঠা ও কনিষ্ঠাযোগে পঞ্চম মুদ্রা হইয়া থাকে। উক্ত মুদ্রাদ্বারা পাদাদি মস্তক পর্য্যন্ত "ওঁ ভূর্ভুবঃ স্বঃ" এই ব্যাহৃতি ন্যাস করিয়া ক্রমত সপ্তবার গায়ত্রী ন্যাস করিবে। তৎপরে পাদাঙ্গুষ্ঠে ওঁ তৎ নমঃ, অঙ্গুলি মধ্যে ওঁ সং নমঃ, উভয় জঙ্ঘাতে ওঁ বিং নমঃ, জানুদ্বয়ের মধ্যে ওঁ তুং নমঃ, মধ্যদেশে ওঁ বং নমঃ, গুহ্যদেশে ওঁ রেং নমঃ, বৃষণে ওঁ ণং নমঃ, কটিদেশে ওঁ যং নমঃ, নাভিমণ্ডলে ওঁ ভং নমঃ, উদরে ওঁ র্গোং নমঃ, স্তনদ্বয়ে ওঁ দেং নমঃ, হৃদয়ে ওঁ বং নমঃ, কণ্ঠদেশে ওঁ স্যং নমঃ, বদনে ওঁ ধীং নমঃ, জানুতে ওঁ মং নমঃ, নাসিকাগ্রে ওঁ হিং নমঃ, নেত্রে ওঁ ধিং নমঃ, ভ্রূমধ্যে ওঁ যোং নমঃ, ললাটে ওঁ যোং নমঃ, মুখের পূর্ব্বভাগে ওঁ নঃ নমঃ, মুখের দক্ষিণভাগে ওঁ প্রং নমঃ, মুখের পশ্চিমভাগে ওঁ চোং নমঃ, মুখের উত্তরভাগে ওঁ দং নমঃ, মস্তকে ওঁ যাৎ নমঃ এইরূপে সাধক আপন অঙ্গে ন্যাস করিবে। উক্ত ন্যাস করিলে সেই ব্যক্তি ব্রহ্মা, বিষ্ণু ও শিবাদির আলয় স্বরূপ হইয়া থাকে। অনন্তর গায়ত্রীর পাদত্রয়ের আদিতে

তত্ত্বদন্দকারং চোত্তরায়ুষম্‌। যাংকারং মূর্ত্তিং বিজ্ঞেয়ং সর্ব্বং ব্যাপ্য ব্যবস্থিতম্‌। ব্রহ্মবিষ্ণুশিবাদীনামালয়ং তত্ত্বসংযুতম্‌। প্রণবত্রয়সংযোগাদ্‌গায়ত্রী ত্রিপদা তথা। যথা সন্ধ্যাত্রয়ং নিত্যং প্রাণায়ামত্রয়ং তথা। ত্রয়মাচমনং তত্রে যথার্থগুণত্রয়ম্‌। প্রণবত্রয়সংযুক্তাং গায়ত্রীং ত্রিপদাং তথা। আদ্যন্তে প্রণবং দত্ত্বা প্রজপেদনিশং দ্বিজঃ। চতুর্ব্বিংশাক্ষরী বিদ্যা পরতত্ত্ববিনির্ম্মিতা। তকারাৎ যাংকারপর্য্যন্তং শব্দব্রহ্মস্বরূপিণী। পরস্য ব্রহ্মণো মাতা গায়ত্রী পরদেবতা। প্রসুপ্তভুজগাকারা বিসতন্তুসমাকৃতিঃ। পঞ্চাশদ্বর্ণসংযুক্তং গায়ত্রীনির্ম্মিতং বপুঃ। আধারপদ্মমধ্যস্থা বিদ্যুৎপুঞ্জপ্রদীপিকা। মহাপদ্মবনস্থা মহাপাপবিমোচনী। মহাপুণ্যময়ী নিত্যা সচ্চিদানন্দরূপিণী। গায়ত্রী পাতু বো নিত্যা দুঃশেষপাপনাশিনী। গায়ত্রী অজপা বিদ্যা প্রণবং ভূর্ভুবঃ স্বঃ। ততঃ প্রণবমুদ্ধৃত্য মনোক্তং সেতুরূপকঃ। ওঁ তৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গোদেবস্য ধীমহি ধিয়োয়োনঃ প্রচোদয়াৎ ওম্‌।

যা নিত্যা ব্রহ্ম গায়ত্রী সৈব গঙ্গা ন সংশয়ঃ। সর্ব্বতীর্থময়ী গঙ্গা তেন গঙ্গা প্রকীর্ত্তিতা। সর্ব্বশাস্ত্রময়ী গীতা গায়ত্রী সৈব নিশ্চিতা। গয়াতীর্থঞ্চ গোলোকং গায়ত্রীরূপসম্ভূতং। বহুনা কিমিহোক্তেন ব্রহ্মাণ্ডং কোটিকোটিশঃ। ব্রহ্মবিদ্যাময়ং সর্ব্বং নান্যথা বচনং মম। গায়ত্রীরহিতো বিপ্রঃ স এব পূর্ব্বকুক্কুরঃ। শতজন্মান্তরে ভুক্ত্বা প্রতিজন্মনি ব্রাহ্মণঃ। শতান্তে ব্রাহ্মণো ভূত্বা পূতিগন্ধময়ং মুখং। কুক্কুরত্বং পরিত্যজ্য দ্বিজত্বং জায়তে ততঃ। গায়ত্রীমপি চার্ব্বঙ্গি অধিকারী ভবেত্ততঃ।

বিক্রয় নামানাং কৃত্বা কর্ণপুরে ভ্রমেন্মনুং। স যথা নরকং যাতি শিষ্যেণ সহ রৌরবং। গায়ত্রীরহিতো বিপ্রস্তথৈব নরকং ব্রজেৎ। যবনং ব্রাহ্মণোদ্দেশে পচ্যতে চ বিক্রাক্রিভিঃ। শূদ্রাণাং যদি তন্ত্রান্নে জায়তে ধনবর্দ্ধিনি। শূদ্রোচ্ছিষ্টং ভবেদন্নং বিষ্ণবে ন নিবেদয়েৎ। তদন্নং বিষ্ণবে দত্ত্বা শূদ্রেণ সহ রৌরবং। যথা স নরকং যাতি গায়ত্রীরহিতস্তথা। বিষ্ণোর্নিবেদিতমন্নং অজ্ঞানাৎ শূদ্রজাতিষু। দত্ত্বা নরকমাপ্নোতি গায়ত্রীরহিতস্তথা। সর্ব্বং তস্য বৃথা দেবি কৃষ্ণপূজাদিকাঃ ক্রিয়াঃ। গায়ত্র্যাত্মকজীবাত্মা পূজকোনাস্য এব

প্রণবত্রয় যোগ করিয়া ন্যাস করিবে। যেমন সন্ধ্যা ত্রিকালীয়ের নিত্য-কর্ত্তব্য, সেইরূপ তিনবার প্রাণায়াম ও তিনবার আচমন করিয়া প্রণবত্রয় সংযুক্ত গায়ত্রীর আদিতে ও অন্তে প্রণব সংযোগ পূর্ব্বক ত্রিপদা সর্ব্বদা জপ করিবে। এই চতুর্ব্বিংশাক্ষরী বিদ্যা পরম তত্ত্বনির্ম্মিতা, তকার হইতে যাংকার পর্য্যন্ত শব্দব্রহ্মস্বরূপিণী গায়ত্রী পরম ব্রহ্মের মাতা এবং ইনিই পরম দেবতা। এই গায়ত্রীই প্রসুপ্ত ভুজগাকারা ও মৃণালতন্তুসদৃশী কুণ্ডলিনী শক্তি। ইনিই আধার পদ্মমধ্যে অবস্থিতি করিতেছেন, এবং ইনিই বিদ্যুৎপুঞ্জের ন্যায় সমুজ্জ্বল, আর এই গায়ত্রীই মহা পুণ্যময়ী, নিত্যা ও সচ্চিদানন্দ রূপিণী। গায়ত্রীর অর্থ এই—সূর্য্যমণ্ডলমধ্যবর্ত্তী সবিতৃদেবের তেজোরূপ যে পরব্রহ্ম পূর্ব্বের পরিব্যাপ্ত আছেন আমরা তাঁহাকে চিন্তা করি, সেই তেজোময় ব্রহ্ম আমাদিগের বুদ্ধিকে ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্ব্বর্গে প্রেরণ করুন।

যিনি নিত্যা ব্রহ্মরূপা গায়ত্রী তিনিই গঙ্গা, ইহাতে সংশয় নাই, যেমন গঙ্গা সর্ব্বতীর্থময়ী, সেইরূপ গায়ত্রী সর্ব্বশাস্ত্রময়ী। গয়াদি তীর্থ ও গোলোক ইহারা গায়ত্রীর রূপ মাত্র, ইহার অধিক আর কি বক্তব্য আছে, কোটি কোটি ব্রহ্মাণ্ডই গায়ত্রী স্বরূপ এবং এই গায়ত্রীই ব্রহ্মবিদ্যাময়ী। যে ব্রাহ্মণ গায়ত্রী রহিত সেই ব্রাহ্মণ প্রথমতঃ কুক্কুর হইয়া জন্মগ্রহণ করে এবং শত জন্ম পর্য্যন্ত শোণিত পান করিয়া পুনর্ব্বার ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করিয়া থাকে, কিন্তু তাহার মুখ অতিশয় দুর্গন্ধ সংযুক্ত হয়। পরে কুক্কুর যোনিতে জন্মগ্রহণ করিয়া পুনর্ব্বার কুক্কুরত্ব পরিত্যাগ পূর্ব্বক দ্বিজকুলে উৎপন্ন হইয়া গায়ত্রীতে অধিকারী হইয়া থাকে।

যেমন যদি কোন ব্যক্তি ধনলালসায় কোন শিষ্যের কর্ণে গায়ত্রী মন্ত্র প্রদান করেন, তাহা হইলে সেই ব্যক্তি উক্ত শিষ্যের সহিত রৌরব নরকে পতিত হয়েন, সেইরূপ যে ব্রাহ্মণ গায়ত্রী বিহীন তিনিও রৌরব নরকে গমন করেন। যদি ব্রাহ্মণার্থে অন্নপাক করিলে তাহাতে শূদ্রের স্পর্শ হয়, তাহা হইলে সেই অন্ন শূদ্রোচ্ছিষ্ট তুল্য হইয়া থাকে, কদাচ এই অন্ন বিষ্ণুকে নিবেদন করিবে না, এই অন্ন বিষ্ণুকে নিবেদন করিলে যেমন সেই ব্রাহ্মণ শূদ্রের সহিত নরকভোগ করে, সেইরূপ গায়ত্রী রহিত ব্রাহ্মণ নরকগামী হইয়া থাকে। আর বিষ্ণুর নিবেদিত অন্ন শূদ্রকে প্রদান করিলে যেমন নরকভোগ হইয়া থাকে, গায়ত্রী রহিত

হি। পূজকস্য তথা পূজ্যাঃ শক্তিবিষ্ণুশিবাদয়ঃ। গায়ত্রীরহিতো বিপ্রো ন স্পৃশেত্তুলসীদলং। হরের্নাম ন গৃহ্নীয়াদ্‌ গায়ত্রীরহিতো দ্বিজঃ। মহাচাণ্ডালসদৃশঃ কিন্তস্য কৃষ্ণপূজনে। মন্ত্রত্যাগী গুরুত্যাগী দেবত্যাগী তথৈব চ। দুরদৃষ্টবশাদ্দৈবাদ্‌ যস্য বংশে প্রজায়তে। স গোত্রবান্ধবস্তস্য প্রায়শ্চিত্তং সমাচরেৎ। কুশপত্রশতৈঃ সার্দ্ধৈর্নির্ম্মায় কুশপুত্তলীং। বেদোক্তবিধিনা তস্য অগ্নিদাহং সমাচরেৎ। অন্যথা তস্য যৎ পাপং স গোত্রেষু বিশেদ্ধ্রুবং। তৎসংসর্গিণো যে লোকাস্তেঽপি তদ্দোষভাগিনঃ। স পাপী বর্দ্ধতে নিত্যং কলিকালে বিশেষতঃ। স গোত্রস্তস্য সংসর্গী মহাদারিদ্রতাং ব্রজেৎ। পরে চ নরকং গত্বা কুরুতে পাপসঞ্চয়ং। পঞ্চপাতকসংযুক্তঃ স যথা ব্রাহ্মণাদ্গতঃ। গায়ত্রীরহিতস্যাপি ইয়মেব সুনিশ্চিতা। অশৌচান্তদিনে বিপ্রো গত্বা শূদ্রগৃহং যদি। ভুক্ত্বা গৃহীত্বা তদ্দ্রব্যং তৎক্ষণাদ্‌ যাতি শূদ্রতাং। প্রেতোদ্দেশে চ যদ্দ্রব্যং তত্র যস্য স্পৃহা ভবেৎ। তদ্দিনে স ভবেচ্ছূদ্রো গায়ত্রীরহিতো যথা। তদ্দিনে তদ্‌গৃহং গত্বা যদি গঙ্গোদকং পিবেৎ। তথাপি স ভবেৎ শূদ্রো গায়ত্রীরহিতো যথা। যথা দদ্রু রিকঃ কুষ্ঠী সর্ব্বশাস্ত্রবহির্ম্মুখঃ। গায়ত্রীরহিতো বিপ্রস্তথা ধর্ম্মবহির্ম্মুখঃ। বরং পূজা প্রকর্ত্তব্যা ব্রাহ্মণে ব্যক্তনাস্তিকে। নিত্যং দর্দ্দুরিকো বিপ্রঃ সর্ব্বপূজাবহির্মুখঃ। গায়ত্রীমযুতং জপ্ত্বা তদ্ধনং বেদপারগে। দত্ত্বা শুদ্ধিমবাপ্নোতি অন্যথা শূদ্রবৎ সদা। তত্ত্বমেতন্মহাগুহ্যং পূর্ব্বাদাম্নায়সংযুতং। ঊর্দ্ধাম্নায়যুতং তন্ত্রং দক্ষিণাম্নায়সংযুতং। শ্রুত্বা শূদ্রমুখাদ্ব্যাখ্যাং শূদ্রস্থানে পঠেদ্‌ দ্বিজঃ। তৎক্ষণাৎ স ভবেৎ শূদ্রো গায়ত্রীরহিতো যথা। স শূদ্রঃ কৃতচাণ্ডাল ইহ জন্মনি নিশ্চয়ঃ। কুলং বিংশতিমাদায় অন্তে স নরকং ব্রজেৎ। যস্তু অধ্যাপকঃ শূদ্রঃ স কথং ধর্ম্মতৎপরঃ। তস্য

ব্রাহ্মণের সেইরূপ গতি হয়। গায়ত্রী রহিত ব্রাহ্মণের বিষ্ণুপূজাদি সকল কার্য্যই বৃথা হইয়া থাকে। আর জীবাত্মাও গায়ত্রী স্বরূপ এবং পূজকও ভিন্ন নহেন। পূজক এবং শিবশক্তি প্রভৃতি পূজ্য সকলই গায়ত্রী স্বরূপ। যে ব্রাহ্মণ গায়ত্রী রহিত সে কদাচ তুলসীপত্র স্পর্শ করিতে পারে না, এবং হরিনাম গ্রহণেও তাহার অধিকার নাই, সেই ব্যক্তি চণ্ডালসদৃশ, সুতরাং বিষ্ণুপূজনে তাহার অধিকার কোন রূপেই হইতে পারে না। দৈবদুর্ব্বিপাক বশতঃ যদি কোন বংশে কেহ গায়ত্রীমন্ত্র, গুরু বা দেবতা ত্যাগ করে তাহাহইলে সেই বংশের সকলকেই প্রায়শ্চিত্ত করিতে হইবে। আর স্বীয় বংশে কোন ব্যক্তি গায়ত্রী মন্ত্র পরিত্যাগ করিলে বংশস্থ ব্যক্তিরা সার্দ্ধশত কুশপত্রদ্বারা মন্ত্রত্যাগীর একটি প্রতিমূর্ত্তি নির্ম্মাণ করিয়া বেদোক্ত বিধানে তাহার দাহাদি করিবে, অন্যথা সেই মন্ত্রত্যাগী যত পাপ করিবে, সকল পাপই বংশমধ্যে প্রবেশ করে। উক্ত মন্ত্রত্যাগীর সহিত যাহারা সংসর্গ করে তাহাদিগের যে রূপ গতি হয়, বংশমধ্যে কেহ মন্ত্রত্যাগ করিলেও বংশীয় ব্যক্তিদিগের সেইরূপ গতি হইয়া থাকে। পরন্তু কলিকালের মাহাত্ম্য বশতঃ ঐ পাপী ব্যক্তি নিয়ত বৃদ্ধি পাইতে থাকে, কিন্তু বংশীয়দিগের মহাদারিদ্র্য উপস্থিত হয়। আর উক্ত গায়ত্রীত্যাগীর বংশীয়েরা পরকালে নরকে গমন করিয়া অনেক পাপসঞ্চয় করে এবং পঞ্চমহাপাপে যুক্ত হইয়া ব্রাহ্মণ হইতে বহিষ্কৃত হয়। গায়ত্রী-রহিত ব্রাহ্মণের এইরূপ গতি নিশ্চিত আছে। অশৌচান্ত দিনে যদি শূদ্রগৃহে গমন করিয়া ব্রাহ্মণ ভোজন করে, তৎক্ষণাৎ সেই ব্রাহ্মণ শূদ্রতা প্রাপ্ত হয়, আর প্রেতের উদ্দেশে কোন দ্রব্য দান করিলে যে ব্রাহ্মণ সেই দ্রব্য গ্রহণ করে সেই ব্রাহ্মণ তদ্দিনেই শূদ্রত্ব প্রাপ্ত হইয়া থাকে কিন্তু গায়ত্রীরহিত ব্রাহ্মণেরও এইরূপ শূদ্রতা হয়। আর যদি কোন ব্রাহ্মণ অশৌচান্ত দিনে শূদ্র গৃহে গমন করিয়া গঙ্গোদকও পান করে, তথাপি সেই ব্রাহ্মণ গায়ত্রীরহিত ব্রাহ্মণের ন্যায় শূদ্রতা প্রাপ্ত হইবে। যেমন কুষ্ঠীব্যক্তি সর্ব্বশাস্ত্রবহির্ম্মুখ, সেইরূপ গায়ত্রীরহিত ব্রাহ্মণ সর্ব্বধর্ম্মবিহীন। বরং নাস্তিক ব্রাহ্মণকে পূজা করিতে পারে, তথাপি গায়ত্রীরহিত ব্রাহ্মণের কোন পূজার অধিকার নাই। যদি অশৌচমধ্যে শূদ্রের দ্রব্য গ্রহণ করে তাহা হইলে সেই দ্রব্য বেদপারগ ব্রাহ্মণে সমর্পণ পূর্ব্বক দশ সহস্র গায়ত্রী জপ করিয়া শুদ্ধ হইবে। অন্যথা সেই ব্রাহ্মণ শূদ্রবৎই থাকে। এই পরমতত্ত্ব অতি গুহ্য, ইহা পূর্ব্বাম্নায়ে কথিত আছে, এবং ঊর্দ্ধাম্নায় ও দক্ষিণাম্নায় তন্ত্রে বিশেষ বিবৃত হইয়াছে। যদি ব্রাহ্মণ শূদ্রের মুখে শাস্ত্রের ব্যাখ্যা শ্রবণ করে অথবা শূদ্রের নিকট কোন শাস্ত্র পাঠ করে তাহা হইলে সেই ব্রাহ্মণ তৎক্ষণাৎ গায়ত্রীরহিত ব্রাহ্মণের ন্যায় শূদ্রতা প্রাপ্ত হয়। আর গায়ত্রীরহিত ব্রাহ্মণ ইহকালে চাণ্ডালবৎ থাকে এবং পরকালেও পূর্ব্ব বিংশতি পুরুষের সহিত নরকে গমন করে। যে শূদ্র অধ্যাপনা করে সে কখনও ধর্ম্মপরায়ণ হইতে পারে না, তাহার হরিনামাদি সকলই বিফল হইয়া যায়। এবং প্রলয়কাল পর্য্যন্ত নরক মধ্যে অশেষ যাতনা ভোগ করে। এবং পঞ্চ মহাপাপ যুক্ত ও কৃতঘ্ন হইয়া থাকে। যদি কোন ব্যক্তি তীর্থ স্থানে দৈবাৎ একবারও মন্ত্র বা

সর্ব্বং ভবেদ্ব্যর্থং হরিনামাদিকঞ্চ যৎ। স সর্ব্বযাতনাভোগী যাবদাহূতসংপ্লবং। পঞ্চপাতকসংযুক্তঃ কৃতঘ্নশ্চৈব নিশ্চিতঃ। যত্তীর্থে মূত্রবিট্ কৃত্বা যদি দৈবাচ্চ একদা। তৎক্ষণাৎ তৎ ফলং ত্যক্ত্বা স যথা পিতৃভিঃ সহ। স যথা রৌরবং যাতি গায়ত্রীরহিতস্তথা। যে তীর্থবাসিনো লোকাস্তীর্থে মূত্রং প্রকুর্ব্বতে। স্নানপূজাফলং ত্যক্ত্বা স যথা নরকং ব্রজেৎ। গায়ত্রীরহিতো বিপ্রস্তথৈব নরকং ব্রজেৎ। পতঙ্গাদের্যথারাম স্তথৈব তীর্থবাসিনঃ॥

গায়ত্রী কবচং।

গায়ত্রী পূর্ব্বতঃ পাতু সাবিত্রী পাতু দক্ষিণে। ব্রহ্মসন্ধ্যা তু মে পশ্চাদুত্তরে তু সরস্বতী। পাবকী মে দিশং পাতু পাবকী জলশায়িনী। যাতুধানী দিশং রক্ষেদ্যাতুধানী ভয়ঙ্করী। পাবমানী দিশং রক্ষেৎ পাপানাঞ্চ বিনাশিনী দিশং রৌদ্রী সদা পাতু রুদ্রাণী রুদ্ররূপিণী। ঊর্দ্ধং ব্রহ্মাণী মে রক্ষেদধস্তাদ্বৈষ্ণবী তথা। এবং দশদিশো রক্ষেৎ সর্ব্বাঙ্গে ভুবনেশ্বরী। তৎপদং পাতু মে পাদং জঙ্ঘে মে সবিতুঃ পদম্। বরেণ্যং কটিদেশন্তু নাভিং ভর্গস্তথৈবচ। দেবস্য মে পাতু হৃদয়ং ধীমহীতি গলন্তথা। ধিয়োয়ো ইতি মে নেত্রং নঃ পদন্তু ললাটক। এবং পাদাদি মূর্দ্ধান্তং মূর্দ্ধানং মে প্রচোদয়াৎ। ইদন্তু কবচং পুণ্যং হত্যাকোটিবিনাশনং। চতুঃষষ্টিকলা বিদ্যা স-র্ব্বপাপপ্রণাশিনী। জপারম্ভে চ গায়ত্রী জপান্তে কবচং পঠেৎ। গোস্ত্রীব্রহ্মবধাদীনি মিত্রদ্রোহাদিপাতকৈঃ। মুচ্যতে সর্ব্বপাপেভ্যঃ পরং ব্রহ্মাধিগচ্ছতি। ইতি ব্রহ্মনারদসংবাদে গায়ত্রীকবচং সমাপ্তং॥

অথগায়ত্রীকবচং॥ শ্রীদেব্যুবাচ॥ দেবদেব মহাদেব সংসারার্ণবতারক। গায়ত্রীকবচং দেব কৃপয়া কথয় প্রভো॥ শ্রীমহাদেব উবাচ। মূলাধারেষু যা নিত্যা কুণ্ডলী তত্ত্বরূপিণী। সূক্ষ্মাতিসূক্ষ্মা পরমা বিসতন্তুস্বরূপিণী বিদ্যুৎপুঞ্জপ্রতীকাশা কুণ্ডলাকৃতিরূপিণী। পরমব্রহ্মগৃহিনী পঞ্চাশদ্বর্ণরূপিণী। শিবস্য নর্ত্তকী নিত্যা পরংব্রহ্মপ্রপূজিতা। ব্রাহ্মণঃ সৈব গায়ত্রী সচ্চিদানন্দরূপিণী। তদ্ভ্রমাবর্ত্তবাতোহয়ং প্রাণাত্মা নিত্যনূতনঃ। নিত্যং তিষ্ঠতু সানন্দা কুণ্ডলী ভববিগ্রহে। অতিগোপ্যং মহৎপুণ্যং ত্রিকোটিতীর্থসংযুতং। সর্ব্বযজ্ঞময়ং দেবি সর্ব্বদানময়ং সদা। সর্ব্বজ্ঞানময়ং দেবি পরংব্রহ্মময়ং সদা। কবচং কথয়াম্যদ্য পার্ব্বতি প্রাণবল্লভে। ওঁ ওঁ ওঁ ভুবঃ ওঁ ০ স্বঃ ওঁ ০ তৎ ওঁ ০ স ওঁ ০ বি ওঁ ০ তু ওঁ ০ র্ব্ব ওঁ ০ রে ওঁ ০ ণ্যং ওঁ ওঁ ভ ওঁ ০ র্গো ওঁ ০ দে ওঁ ০ ব ওঁ ০ স্য ওঁ ০ ধী ওঁ ০ ম ওঁ ০ হি ওঁ ০ ধি ওঁ ০ য়ো ওঁ ০ য়ো ওঁ ০ নঃ ওঁ ০ প্র ওঁ ০ চো ওঁ ০ দ ওঁ ০ য়াৎ ওঁ ০। ওঁ ভূঃ ওঁ পাতু মে মূলং চতুর্দ্দলসমন্বিতং। ওঁ ভুবঃ ওঁ পাতু মে লিঙ্গং ষড়্দলান্বিতং। ওঁ স্বঃ ওঁ পাতু মে কণ্ঠং সাকাশং দলষোড়শং। ওঁ তৎ ওঁ পাতু মে রূপং ব্রহ্মণঃ কারণং পরং ওঁ স ওঁ বদনং পাতু রসনাসংযুতং মম। ওঁ বি ওঁ পাতু মে গন্ধং সদা শরীরসংযুতং। ওঁ তু ওঁ পাতু মে স্পর্শং শরীরস্যচ কারণং। ওঁ র্ব্ব ওঁ পাতু মে শব্দং শব্দবিগ্রহকারণং। ওঁ রে ওঁ পাতু মে নিত্যং ত্বচং শরীররক্ষকং। ওঁ ণ্য ওঁ পাতু মে অক্ষং সর্ব্বতত্ত্বৈককারণং। ওঁ সং ওঁ পাতু মে শ্রোত্রং শ্রবণস্যচ কারণং। ওঁ ভ ওঁ পাতু মে ঘ্রাণং গন্ধোপাদানকারণং। ওঁ র্গো ওঁ পাতু মে বাক্যং সভায়াং শব্দরূপিণীং। ওঁ দে ওঁ পাতু মে বাহুযুগলং ব্রহ্মকারণং। ওঁ ব ওঁ পাতু মে পাদযুগলং ব্রহ্মকারণং। ওঁ স্য ওঁ পাতু মে লিঙ্গং সকলং ষড়্দলৈর্যুতং। ওঁ ধী ওঁ পাতু মে নিত্যং প্রকৃতিং শব্দকারণং। ওঁ ম ওঁ পাতু মে

বিষ্ঠা পরিত্যাগ করে তাহা হইলে তৎক্ষণাৎ তাহার সমস্ত পুণ্য নষ্ট হইয়া যায় এবং যে গায়ত্রীরহিত ব্রাহ্মণের ন্যায় পিতৃগণের সহিত নরকে গমন করে। যেমন তীর্থবাসী ব্যক্তি তীর্থ মধ্যে মূত্র ত্যাগ করিলে তাহার স্নানপূজার ফল বৃথা হয় এবং নরকে গমন করে, সেইরূপ গায়ত্রীরহিত ব্রাহ্মণ নরকে গমন করিয়া থাকে। গায়ত্রীরহিত ব্রাহ্মণ তীর্থে বাস করিলে তাহার কোন ফল হয় না, তাহার তীর্থবাস পক্ষিগণের উপবনে বাস তুল্য।

